

বাংলাদেশ উপ হাইকমিশন
কলকাতা

প্রেস বিজ্ঞপ্তি

কলকাতা, ০৬ মার্চ ২০২১, শনিবার:

‘বজ্রকর্ত্তের আহবান’ মিউজিক ভিডিও উন্মোচিত হলো বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতায়। উন্মোচন করলেন বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ড. এ.কে আব্দুল মোমেন, এম.পি।

স্বাধীনতার মহান স্বপ্তি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১৯৭১ সালের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ স্মরণে তাঁর প্রতি প্রদ্বা জানিয়ে বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা কর্তৃক নির্মিত ‘বজ্রকর্ত্তের আহবান’ (The Call for Freedom) শীর্ষক মিউজিক ভিডিও-এর ভার্চুয়াল উন্মোচন করেন পররাষ্ট্র মন্ত্রী ড. এ.কে আব্দুল মোমেন।

কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনের উপ-হাইকমিশনার তৌফিক হাসানের তত্ত্বাবধানে উপ-হাইকমিশনের সকলের অংশগ্রহণে নির্মিত মিউজিক ভিডিও এর সঙ্গীতের গীতিকার শুভদ্বিপ চক্রবর্তী এবং সুরকার ও কন্ঠশিল্পী চিরন্তন ব্যানার্জী। মিউজিক ভিডিওটির সার্বিক সমন্বয়, কোরিওগ্রাফি ও ভিডিও সম্পাদনা করেছেন উপ-হাইকমিশনের প্রথম সচিব (রাজনৈতিক) মিজ শামীয়া ইয়াসমীন স্থূতি।

মিউজিক ভিডিও উন্মোচনকালে পররাষ্ট্র মন্ত্রী ড. এ.কে আব্দুল মোমেন বলেছেন, “সকল রক্তচক্ষুকে উপেক্ষা করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ই মার্চে যে আবিস্মরণীয় ভাষণ দিয়েছিলেন মূলত সেটিই ছিল বাঙালি জাতির মুক্তির সনদ।” তিনি বলেন, “কলকাতার উপ-হাইকমিশনের সকল কর্মকর্তা, কর্মচারী, তাদের শিশুরা অংশগ্রহণ করেছে এবং গানটিতে কলকাতা মিশনের ঐতিহাসিক ভবন, বঙ্গবন্ধু মঞ্চ, বঙ্গবন্ধু কর্ণার, ‘বাংলাদেশ ও বঙ্গবন্ধু’ মূরাল ইত্যাদির দৃশ্য সন্নিবেশিত হয়েছে। আমি মুজিব বর্ষে ৭ই মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুকে স্মরণ করে এরকম একটি সৃষ্টিশীল উদ্যোগ গ্রহণ করার জন্য বাংলাদেশ উপ-হাইকমিশনের সকল কর্মকর্তা, কর্মচারীকে ধন্যবাদ ও অভিনন্দন জানাই। সেই সাথে এই মিউজিক ভিডিও নির্মাণের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে অশেষ ধন্যবাদ জানাই। আমি সান্দে চিন্তে এই মিউজিক ভিডিওর শুভ উন্মোচন ঘোষনা করছি।”

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ পৃথিবীর কালজয়ী ভাষণগুলোর অন্যতম। পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে মুক্তিকামী জনগনকে যুদ্ধে ঝাঁপিয়ে পড়তে ঐ ভাষণ ছিল এক মহামন্ত্র। একটি ভাষণ কীভাবে গোটা জাতিকে জাগিয়ে তোলে, স্বাধীনতার জন্য মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়তে উৎসাহিত করে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ তার অন্য উদাহরণ। ইউনেকো বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের গুরুত্ব উপলক্ষ্য করে ২০১৭ সালের ৩০ অক্টোবর এই ভাষণকে World's Documentary Heritage- এর মর্যাদা দিয়ে International Memory of the World Register-এ অন্তর্ভুক্ত করেছে। বাঙালি হিসাবে এটি একটি বড়ো অর্জন। এ ভাষণের কারণে বিশ্বখ্যাত নিউজডেইক ম্যাগাজিন ১৯৭১ সালের ৫ এপ্রিল সংখ্যায় বঙ্গবন্ধুকে “Poet of Politics” হিসাবে অভিহিত করে। বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ কেবল বাঙালির নয়, বরং বিশ্বব্যাপী স্বাধীনতাকামী মানুষের জন্য প্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে। গানটির ইউটিউব ভিডিও লিংক হলো <https://youtu.be/XpSspYvOyKU>

